

# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 17 July, 2025

জামালপুরের মাদারগঞ্জ উপজেলার চরপাকেরদহ ইউনিয়নের কোয়ালিকান্দী গ্রামে সম্প্রতি সংঘটিত এক চাঞ্চল্যকর মাসুদ হত্যাকাণ্ডের ঘটনায় প্রকৃত হত্যাকারীদের আড়াল করে নির্দোষদের গ্রেফতার ও হয়রানির অভিযোগ উঠেছে। এ ঘটনায় বুধবার দুপুরে স্থানীয় একটি পত্রিকা অফিসে সংবাদ সম্মেলনের আয়োজন করেন নিহত মাসুদ প্রমানিকের বাবা ও হত্যা মামলার বাদী সম্রাট মিয়া এবং আহত রুবেল প্রামাণিকের পরিবার।

সংবাদ সম্মেলনে অভিযোগ করেন, নিহত মাসুদ প্রমানিকের চাচা সৌদি প্রবাসী ফরিদ প্রামাণিককে ষড়যন্ত্রমূলক আসামি সাজিয়ে মাদারগঞ্জ মডেল থানার পুলিশ গ্রেফতার করেছে। পরে তাকে ১০ দিনের রিমান্ড আবেদনসহ আদালতে সোপর্দ করা হয়।

সম্মেলনে অভিযোগ করা হয়, স্থানীয় প্রভাবশালী মহলের সহায়তায় ঘটনার সঙ্গে জড়িতদের বাঁচানোর চেষ্টা চলছে। অন্যদিকে ঘটনার সঙ্গে জড়িত না থাকা সত্ত্বেও ফরিদ প্রামাণিককে উদ্দেশ্যমূলকভাবে মামলায় ফাঁসানো হয়েছে। একই সাথে মাসুদের পরিবারের সদস্যদের হয়রানি ও হুমকি ধামকি দিয়ে ভীতির মধ্যে রাখা হয়েছে। সংবাদ সম্মেলনে বক্তারা ফরিদ প্রামাণিকের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়ে মাসুদ হত্যার সঙ্গে জড়িতদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি জানান।

মাদারগঞ্জ মডেল থানার অফিসার ইনচার্জ সাইফুল্লাহ সাইফ জানান- মামলার এজাহারে কারও নাম না থাকায় সন্দেহভাজন হিসেবে ফরিদ প্রামাণিককে গ্রেফতার করা হয়েছে। এ বিষয়ে তদন্ত চলছে। নিরাপরাধ কেউ হয়রানির শিকার হবে না বলে জানান তিনি।

নিহত মামলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:59

URL: <https://timestodaybd.com/public/mymensingh/4920775807>